

বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট
পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগ

ভিশন

বাংলাদেশ চা শিল্পের উৎপাদন, উন্নয়ন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত পরিসংখ্যানিক তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং বিজ্ঞান ভিত্তিক বিশ্লেষণ এর মাধ্যমে সাম্প্রতিক ডাটাবেজ তৈরী করে চা শিল্পের টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োগ করা।

মিশন

পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত হালনাগাদ রাখা ও বিজ্ঞানভিত্তিক অর্থনৈতিক বিশ্লেষণের মাধ্যমে চা শিল্পের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রাখা।

কার্যাবলী

চায়ের উৎপাদন, গবেষণা, সম্প্রসারণ ও লাভজনক অর্থনৈতিক বিশ্লেষণে পরিসংখ্যানিক তথ্য উপাত্ত প্রয়োগ করা বিটিআরআই এর পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের উদ্দেশ্য। বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ:

১. চা উৎপাদনে পরিষ্কণ ফার্মসহ বিটিআরআই এর সমগ্র ভূমি ব্যবহার, বীজ ও চা জাবরা সংক্রান্ত বাৎসরিক রিটার্ন ডাটা তৈরী এবং বিটিবি ও বিসিএস এ প্রেরণ।
২. শ্রম ও শ্রম মজুরী সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও হালনাগাদ রাখা।
৩. চায়ের উৎপাদন ব্যয় নির্ধারণ ও হালনাগাদ করা।
৪. গবেষণা পরিষ্কণ সমূহের অর্থনৈতিক বিশ্লেষণ এবং টেকনোলজি সম্প্রসারণ সংক্রান্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ।
৫. চা শিল্পের শ্রমিক ও আর্থসামাজিক অবস্থা বিষয়ক তথ্য সংগ্রহ।
৬. ক্ষুদ্র চা শিল্পের সম্প্রসারণ ও ক্ষুদ্র চা চাষীদের অর্থনৈতিক সক্ষমতা বিশ্লেষণ।
৭. উত্তরাঞ্চলে চা চাষ সম্প্রসারণে অর্থনৈতিক সমীক্ষা ও উপযোগিতা যাচাই।
৮. মাসিক ও বাৎসরিক পরিসংখ্যান প্রতিবেদন তৈরী ও সংরক্ষণ।
৯. বিভিন্ন চা বাগানের মাসিক রূপ রিটার্ন, রেইনফল ইত্যাদি ডাটা সংরক্ষণ ও কমপাইল করা।

চলমান গবেষণা কার্যক্রম

১. চা উৎপাদনে বিটিআরআই উদ্ভাবিত ক্রোনগলোর লাভজনক অর্থনৈতিক সক্ষমতা যাচাই।
২. বাংলাদেশ চা শিল্পে বিটিআরআই উদ্ভাবিত টেকনোলজি সমূহের অভিযোজন ও সম্প্রসারণত অবস্থা নিরূপণ।
৩. বাংলাদেশ চা'য়ের অভ্যন্তরীণ ভোগ ও রপ্তানী বৃদ্ধিও কৌশল যাচাই।

পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের অর্জন

- সিলেট ও চট্টগ্রাম এবং পঞ্চগড় চা আবাদি এলাকার জন্য কেজি প্রতি সবুজ পাতার উৎপাদন ব্যয় এবং কেজি প্রতি সবুজ পাতার মূল্য নির্ধারণ।
- বিটিআরআই এর খামার সমূহের সিওপি ও বেনিফিট কস্ট রেশিও (বিসিআর) নির্ধারণ।
- বাংলাদেশের চা উৎপাদন, সম্প্রসারণ, অর্থনীতি ও বানিজ্য সংক্রান্ত মাসিক ও বাৎসরিক হালনাগাদ ডাটাবেজ তৈরী।
- চা শ্রমিকদের আর্থসামাজিক প্রেক্ষাপটে কর্মদক্ষতার অবস্থা সংক্রান্ত ডাটাবেজ তৈরী।
- উৎপাদন খরচ নির্ণয়ের প্রারামিটার সমূহ নির্ধারণ।

- বিটিআরআই টেকনোলজিসমূহের সম্প্রসারণ সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ।

ভবিষ্যৎ পরিকল্পনা

চা শিল্পের অর্থনৈতিক ও পরিসংখ্যানিক তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ এবং বিশ্লেষণের মাধ্যমে লাভজনক চা চাষাবাদ নিশ্চিত ভূমিকা রাখা।

পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগের জনবল

| রিসোর্স পার্সোনেল | অনুমোদিত পোস্ট | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা |
|------------------------------|----------------|--------------------|-------------------|
| প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১ | ০১ | - |
| উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১ | - | ০১ |
| বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১ | - | ০১ |
| সাপোর্ট সার্ভিস: | | | |
| পরিসংখ্যান সহকারী | ০১ | ০১ | - |
| অফিস সহায়ক | ০১ | ০১ | - |

(সীমাবদ্ধতা: পরিসংখ্যান ও অর্থনীতি বিভাগে বৈজ্ঞানিক ও টেকনিশিয়ান পদগুলো দীর্ঘদিন শূন্য))